

রাঁচিতে সি আই এস এফ-র পূর্বক্ষেত্রীয় সদর কার্যালয়ের উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী

নয়াদিল্লি, ০৯ জানুয়ারি, ২০১৭

বিমুদ্রায়নের ফলে বাম উগ্রবাদীরা বিশাল ধাক্কা খেয়েছে। আগামী কয়েক বছরের মধ্যেই সুস্থায়ী প্রয়াসে অতিবাম উগ্রপন্থার সমাধান সূত্র পাওয়া যাবে বলে অভিমত ব্যক্ত করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী রাজনাথ সিং। তিনি রবিবার সারাদিনব্যাপী ঝাড়খন্ড সফরে রাঁচিতে গিয়ে সি আই এস এফ-এর পূর্বক্ষেত্রীয় সদর কার্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন। তিনি একই সঙ্গে বাহিনীর জন্য এক আবাসিক চব্বরেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

তিনি তাঁর ভাষণে আরও জানান, গণতন্ত্রে হিংসার কোন স্থান নেই। বামপন্থী সন্ত্রাসবাদীদের হিংসা ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসা উচিত বলেও তিনি মন্তব্য করেন। তবে কতিপয় ভারত বিরোধী শক্তি এদেশের বিকাশ চায় না বলেই তারা হিংসা ও ভয়ের বাতাবরণ তৈরিতে উৎসাহ দিচ্ছে। এদের বিরুদ্ধে লড়াই অব্যাহত রাখতে হবে বলেও তিনি জোর দিয়ে জানান।

তিনি তাঁর ভাষণে এই বাহিনীর বহুমাত্রিক সমস্যা মোকাবিলায় দক্ষতার প্রশংসা করেন। তিনি বলেন, সি আই এস এফ শুধু কৌশলগত প্রাতিষ্ঠানিক সুরক্ষাতেই সীমাবদ্ধ থাকছে না, বামপন্থী সন্ত্রাসবাদীদের মোকাবিলায়ও কাজ করে চলেছে। বাহিনীর তহবিল সংক্রান্ত বিষয়ে আশ্বাস দিয়ে জানান, কোন বাহিনীর পরিকাঠামোর বিকাশ মানে আমাদের সমস্ত বাহিনীর সার্বিক শক্তি ও সামর্থ বেড়ে যাওয়া।

অনুষ্ঠানে উপস্থিত ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী শ্রী রঘুবর দাস বামপন্থী সন্ত্রাসবাদ মোকাবিলায় রাজ্য সরকারের বিভিন্ন উদ্যোগের উপর আলোকপাত করেন। তিনি সি আই এস এফ-র কেন্দ্রীয় প্রশিক্ষণ বিদ্যালয় স্থাপনে ১০০ একর জমি বন্দোবস্তেরও ঘোষণা করেন।

TRIPURAINFO

পরে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী শ্রী সিং রাজ্যের মুখ্যমন্ত্রী ও বাহিনীর বরিশ্ৰ আধিকারিকদের সঙ্গে ঝাড়খন্ডে বামপন্থী সন্ত্রাসবাদ সংক্রান্ত পরিস্থিতির পর্যালোচনা করেন।

সি আই এস এফ-র মহানির্দেশক শ্রী ও পি সিং এই প্রসঙ্গে জানান, রাঁচিতে বাহিনীর ক্যাম্পাসে প্রথম বারের মতো কুকুর প্রশিক্ষণের স্কুলও খোলা হয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী সার্বিক আয়োজনের স্মারক হিসেবে সেখানে একটি চাৰাগাছ লাগান। এই আয়োজনে অন্য বিশিষ্টদের মধ্যে ঝাড়খন্ডের নগরোন্নয়ন মন্ত্রী শ্রী সি পি সিং এবং স্থানীয় সাংসদ শ্রী রামটহল চৌধুরীও উপস্থিত ছিলেন।

